

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
চাঁপাইনবাবগঞ্জ জেলা কার্যালয়
www.dncrp.gov.bd

স্মারক নং-২৬.০৪.৭০০০.৫০৪.১৮.০১৮.১৭-৯৫

তারিখঃ ১৭ সেপ্টেম্বর ২০১৮

শ্রেণি বিজ্ঞপ্তি
জরিমানাঃ ১৫,০০০/- (পনের হাজার টাকা)


বিষয়ঃ বাজার তদারকিমূলক অভিযান।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক অদ্য ১৭/০৯/১৮ খ্রিঃ চাঁপাইনবাবগঞ্জ জেলার গোমস্তাপুর উপজেলায় বাজার তদারকিমূলক অভিযান পরিচালিত হয়।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর এর রাজশাহী বিভাগীয় কার্যালয়ের উপপরিচালক জনাব সৈয়দ মোস্তাক হাসান এর নেতৃত্বে উক্ত অভিযান পরিচালনার সময় মোট ০৫ টি প্রতিষ্ঠান পরিদর্শন করে ২টি প্রতিষ্ঠানকে জরিমানা আরোপ ও নগদ আদায় করা হয়।

ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৪৩ ও ৫১ অনুযায়ী অবৈধ ঔষধ রাখার ও মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রি করার অপরাধে বিসমিল্লাহ ফার্মেসিকে ১০,০০০ (দশ হাজার) টাকা এবং ধারা ৩৮ ও ৫১ অনুযায়ী যথাক্রমে পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার ও মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রি করার অপরাধে রনি ট্রেডার্সকে ৫,০০০ (পাঁচ হাজার) টাকা জরিমানা আরোপ ও নগদ আদায় করা হয়।

অভিযানে সহায়তা করেছেন জনাব মোঃ কোবাদ আলী, জেলা স্যানিটারি ইন্সপেক্টর, চাঁপাইনবাবগঞ্জ। অভিযান চলাকালে ভোক্তা ও ব্যবসায়ীদের মাঝে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ সম্বলিত লিফলেট বিতরণ করা হয় এবং আইনটি মেনে চলতে উদ্বুদ্ধ করা হয়। অভিযানে নিরাপত্তা বিধানে গোমস্তাপুর থানা পুলিশের একটি টিম সর্বাঙ্গিক সহযোগিতা করেছেন। জনস্বার্থে এই অভিযান অব্যাহত থাকবে।


(মোঃ জহিরুল ইসলাম)
সহকারি পরিচালক
ফোনঃ ০৭৮১-৫১৫১৫

অনুলিপিঃ সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ২। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, চাঁপাইনবাবগঞ্জ।
- ৩। পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ।
- ৪। সিভিল সার্জন, চাঁপাইনবাবগঞ্জ।
- ৫। উপপরিচালক (উপসচিব), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী।
- ৬। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, চাঁপাইনবাবগঞ্জ।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ।
- ৮। অফিসার ইন চার্জ, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ।
- ৯। জেলা মার্কেটিং অফিসার, চাঁপাইনবাবগঞ্জ।
- ১০। অফিস নথি।